

ইন্ডিয়া ফাউন্ডেশন ফর আর্টস (আই এফ এ)

তার শিল্পকলা-চর্চা কার্যক্রমের (Arts Practice Programmeএর) অংশ

হিসেবে

অন্বেষণ - এর

আবেদনপত্রের আমন্ত্রণ জানাচ্ছে

আবেদনের সময়সীমা: ১৯ এপ্রিল, ২০২৪

আমাদের শিল্পকলা-চর্চা কার্যক্রমটি কিছু প্রকল্প চালু করতে ইচ্ছুক, যার মাধ্যমে শিল্পীরা তাদের বর্তমান অনুশীলনের পরিসরকে নানান নতুন দিকে বিস্তৃত করতে পারবেন। তা সম্ভবপর হতে পারে পরীক্ষানিরীক্ষামূলক ভাববোধকে প্রাধান্য দিয়ে, সাধারণভাবে মান্যতা পেয়ে থাকা প্রচলিত রীতিরেওয়াজের উদ্দেশ্যে প্রশ্ন তুলে, বিষয়বস্তু, রূপায়ন, ও মাধ্যমের কোনো নতুন সীমা অতিক্রম করে, অভিনব উপায়ে বিভিন্ন স্থান, প্রেক্ষক ও গোষ্ঠীর সঙ্গে আদানপ্রদানের সম্ভাবনা অনুসন্ধান করে।

অন্বেষণ:

এক পুরাতন শহরের স্মৃতিকে অবলম্বন করে একটি জল্পনামূলক কল্পকাহিনী রচনা করেন এক চলচ্চিত্রকার

লোকনৃত্য দ্বারা লোককথার পুনরুদ্ধার করার প্রয়াসে এক নৃত্যপরিকল্পক তাঁর লোকগোষ্ঠীর সহযোগিতায় সৃষ্টির কাজে নামেন

এক সমসাময়িক শিল্পী এক ভারুয়াল সংগ্রহশালা তৈরি করেন, তাঁর এক আত্মীয়ের সংগ্রহ করা বিভিন্ন দৈনন্দিন ব্যবহারের জিনিসপত্র রক্ষা করে রাখতে

এক সামাজিক উদ্ভাবক কিছু গ্রামবাসী মহিলাদের একত্রিত করে কিছু শিল্পকর্মের সুযোগ সৃষ্টি করেন, যাতে প্রতিফলিত হয় তাঁদের ঘরের বাইরের জীবনযাপনের অভিজ্ঞতাসকল

শিল্পকলা চর্চার ক্ষেত্রে, অনেক সময়ে আমরা হঠাৎ কোনো নতুন ভাবনার সম্মুখীন হতে পারি, বা কোনো বিশেষ অভিনব, রোমাঞ্চকর দিকে অনুসন্ধানের স্পৃহা অনুভব করতে পারি। কিন্তু, আমাদের চর্চার প্রাসঙ্গিকতা এবং অবস্থানের বিচার করলে হয়ত, এই ভাবনাগুলি অচেনা লাগতে পারে। ফলত এই দিকে অনুসন্ধানের ভাবী যাত্রা হয়ে উঠতে পারে দ্বিধাশ্রিত ও অনিশ্চিত। সেই মুহূর্তে এই ভাবনাগুলি আমাদের কোন দিকে নিয়ে যেতে পারে তা আমরা অনুধাবন করতে পারি না। তা সত্ত্বেও সেই বিষয়ের সূত্র ধরে আরো অনুসন্ধানের প্রয়োজন বোধ করি। এই সময়ে কিছু সহায়তা পেলে সুবিধে হতে পারে।

শিল্পকলা-চর্চা প্রকল্প , অর্থাৎ, Arts Practice programme এর আওতায়, আমরা এমন অন্বেষণাবলির আবেদনপত্রের আহ্বান জানাচ্ছি, যা সদ্যোজাত, সাহসী বা অভূতপূর্ব ভাবনাচিন্তা নিয়ে নাড়াচাড়া, পরীক্ষানিরীক্ষা করবে, **এবং কোনো শিল্পসামগ্রীরূপে যার পরিণতি হতে, বা না হতেও পারে।** গবেষণা, স্ক্রিপ্ট লেখা, স্থানানুসন্ধান, অ্যানিম্যাটিকস, জ্যামিং, কাহিনী রচনা, মহড়া, নমুনা-সংগ্রহ, রোবোটিকস, গবেষণাগার-চর্চা, এবং অন্যান্য ধরনের অন্বেষণমূলক ও নতুন ভাবনার পরীক্ষামূলক কাজ এর মধ্যে গ্রহণযোগ্য হবে।

এই অন্বেষণের আহ্বানবার্তাটি অন্যান্য ভাষায় পড়তে [এখানে](#) ক্লিক করুন।

প্রকল্পের মেয়াদ: ছয় মাস পর্যন্ত

তহবিল: সর্বোচ্চ ১০০,০০০ টাকা

আবেদনপত্র জমা দেওয়ার তারিখ: ১৯ এপ্রিল, ২০২৪

কারা আবেদন জানাতে পারেন?

এই প্রকল্প বিভিন্ন ক্ষেত্রের অন্তর্ভুক্ত এবং একাধিক ক্ষেত্রব্যাপী

অনুশীলনকারীদের থেকে আবেদনপত্রের আহ্বান জানাচ্ছে। তাঁরা হতে পারেন:

- সংগীত, শব্দ, পাঠ্য, নৃত্য, সঞ্চার, নাটক, পুতুলনাচ, কথকতা, জাদুপ্রদর্শন, সার্কাস এবং অন্যান্য প্রদর্শনমূলক কলার শিল্পী
- যে কোনো চাক্ষুষ-শিল্পের শিল্পী, যথা, ফিল্ম (তথ্যচিত্র এবং কল্পকাহিনী) অ্যানিমেশন, ফোটোগ্রাফি, ইন্সটলেশন, নব্যমাধ্যম, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, রোবোটিকস, পারস্পরিক আদানপ্রদানমূলক শিল্প, গেমিং, চিত্রাঙ্কন, স্থাপত্য, প্রিন্টমেকিং, কমিক বই, গ্রাফিক আলেখ্য, শিল্পী-পুস্তক, ইত্যাদি
- তত্ত্বাবধায়ক, বিশেষত, যাঁরা গ্যালারি-পরিসরের বাইরে কাজ করেন
- কবি, ঔপন্যাসিক, নাট্যকার, যাঁরা সাহিত্যিকলার ক্ষেত্রে কাজ করেন
- আন্তঃক্ষেত্রিক অনুশীলনকারী

যোগ্যতা:

আপনি যদি ভারতের নাগরিক হন, আপনি আবেদন করতে পারেন।

আপনার সহকর্মীদেরও ভারতীয় নাগরিক হওয়া চাই। বিশদ জানতে [এখানে](#)

ক্লিক করুন।

আবেদনের প্রক্রিয়া:

আমাদের একটি প্রস্তাবপত্র পাঠান, এবং তাতে বর্ণনা করুন:

- অনুশীলনকারীরূপে আপনার বর্তমান শিল্পচর্চা, চিন্তার ও উৎসাহের বিষয়
- যে বিষয়ে আপনি অন্বেষণ করতে ইচ্ছুক, তার কারণ ও বিবরণ
- পুঙ্খানুপুঙ্খ সময়সীমা ও খরচের তহবিল
- আপনার ভূতপূর্ব কাজের নমুনা
- আপনার সিঁভি – ঠিকানা, ফোন নম্বর ও ই-মেল আইডি-সহ
- আপনার জিজ্ঞাস্য এবং ভাবনাচিন্তার খসড়া লিখিত, শ্রাব্য, বা চাক্ষুষ মাধ্যমে আই এফ এ কর্মীদের প্রতিক্রিয়ার জন্য ১২ এপ্রিল, ২০২৪ পর্যন্ত পাঠাতে পারেন।
- আপনার চূড়ান্ত আবেদনপত্রটি **১৯ এপ্রিল, ২০২৪** এর মধ্যে John Xaviers, Programme Officer, Arts Practice কে পাঠান john@indiaifa.org ঠিকানায়, একটিমাত্র ২৫ এম বি-অনুর্ধ্ব ই-মেলে, যার বিষয়বস্তু, অর্থাৎ, Subject Line হবে Project Proposal for Explorations (Arts Practice)

আপনার আবেদনপত্র-সম্পর্কিত কোনো জিজ্ঞাস্য থাকলে john@indiaifa.org এ লিখে জানান।

নির্বাচনের প্রক্রিয়া:

প্রস্তাবপত্রগুলি বহিরাবস্থিত পরীক্ষকবৃন্দের দ্বারা মূল্যায়ন করা হবে, এবং

এবং আবেদনকারীদের এই পরীক্ষকমণ্ডলীর সামনে তাঁদের প্রকল্পের

পরিকল্পনাগুলি পেশ করতে হবে। নির্বাচিত প্রকল্পগুলি **জুলাই ২০২৪** এ ঘোষণা করা হবে।

নির্বাচিত সকল প্রকল্প আই-এফ-দ্বারা নিযুক্ত হবে।

জানবেন, আই এফ এ এক নিরাপদ বাতাবরণ তৈরি করতে বদ্ধপরিকর, যা সকলকে, এমনকি শিশুদেরও, সমর্থন, সম্মান ও রক্ষা করে। আবেদনকারীদের এর সঙ্গে সহমত হতে হবে ও সর্বদা তা বজায় রাখতে হবে।